



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১০ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

ঘরে ঘরে প্রতিরোধ দূর্গ গড়ে তোলে সন্ত্রাস,

জঙ্গীবাদ ও মাদক মুক্ত করতে হবে-- মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানের মত ঘরে ঘরে প্রতিরোধ দূর্গ গড়ে তোলে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত করতে হবে। এ লক্ষ্যে পিতা-মাতা, আত্মীয়-স্বজন, শিক্ষক, পুরোহিত, ইমাম, খতিব সকলকে দায়িত্ব নিতে হবে। রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীন স্বার্বভৌম বাংলাদেশকে জঙ্গী রাষ্ট্রে পরিণত কোন দুরভিসন্ধি বাস্তবায়ন করতে দেয়া হবে না। মেয়র বলেন, যেকোন মূল্যে চট্টগ্রাম নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক থেকে মুক্ত করতে নির্বাচিত প্রতিনিধি সকলকে দায়িত্ব নিতে হবে। এ লক্ষ্যে প্রতিটি ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত কমিটি গঠন করা হয়েছে। ১০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শনিবার, বিকেলে মোহরা ৫নং ওয়ার্ড কার্যালয়স্থ অডিটরিয়ামে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ওয়ার্ড ভিত্তিক আয়োজিত সর্বস্তরের নাগরিকদের সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে সভাপতিত্ব করেন ৫নং মোহরা ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ আজম। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, প্যানেল মেয়র জোবাইরা নাগিস খান, আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল, ৩নং ওয়ার্ড কাউন্সিলর কফিল উদ্দিন খান, যুগ্ম জেলা জজ মিসেস জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আক্তার, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার মো. মিজানুর রহমান। সমাবেশে চান্দগাঁও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আবুল বাশার, ৫নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন, সমাজ সেবক কামাল উদ্দিন আহমদ, অলিদ চৌধুরী, নজিরিয়া মাহমুদিয়ার ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মহিউল হক, ছাফা মোতালেব কলেজের অধ্যক্ষ মো. শফিউল করিম ও মুসলিম তরুণ সংঘের সভাপতি ইদ্রিস মিয়া বক্তব্য রাখেন। সমাবেশে মেয়র অতিথিদের ফুলেল শুভেচ্ছায় বরণ করেন।

চট্টগ্রাম- ১০ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**৮নং শুলকবহর ওয়ার্ডে আলফালাহ হাউজিং সোসাইটিতে ৩ কোটি ৪৩
লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ে নির্মিত সড়ক ও নালা নির্মাণ কাজের
উদ্বোধনী অনুষ্ঠানে- মেয়র**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, তার মেয়াদের মধ্যে চট্টগ্রামকে উন্নত ও

আধুনিক বাসপোযোগী নগরী হিসাবে গড়ে তোলা হবে। নানা প্রতিবন্ধকতা সত্ত্বেও নাগরিকদের ট্যাক্সের সহযোগিতায় নাগরিক সেবা নাগরিকদের ঘরে ঘরে পৌঁছে দেয়া হবে। ইতিমধ্যে দৃশ্যমান উন্নয়ন নাগরিকদের সামনে তুলে ধরা হয়েছে। মেয়র বলেন, কথা মালার রাজনীতিতে তিনি বিশ্বাসী নন। বাস্তবতার নিরিখে কাংখিত উন্নয়ন করে নগরবাসীকে দেয়া প্রতিশ্রুতি একে একে পূরণ করা হবে। তিনি সরকারের উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকল মহলের সহযোগিতা চান। ১০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. এডিপির অর্থায়নে ৩ কোটি ৪৩ লক্ষ ৬৬ হাজার টাকা ব্যয়ে নগরীর ৮নং শুলকবহর ওয়ার্ডে আলফালাহ হাউজিং সোসাইটিতে নির্মিত হাজী নূর আহম্মদ সড়কের উন্নয়ন কাজের ফলক উন্মোচন উপলক্ষে অত্র হাউজিং সোসাইটি আয়োজিত সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। তিনি উন্নয়ন কাজের ফলক উন্মোচন করে মুনাজাত করেন। সুধী সমাবেশে সভাপতিত্ব করেন আলফালাহ হাউজিং সোসাইটির সভাপতি এস এম একরামুল আজিম সুইম। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ৮নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ মোরশেদুল আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিন পারভীন জেসী, নির্বাহী প্রকৌশলী আহমদুল হক, সহকারী প্রকৌশলী আবু সিদ্দিকী, উপ সহকারী প্রকৌশলী মহিউদ্দিন খন্দকার, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, ৮নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতিকুর রহমান, সাধারণ সম্পাদক শেখ সরওয়ার্দী, সমাজ সেবক আলহাজ্ব সৈয়দ আহমদ, মাওলানা শফিউল্লাহসহ অন্যান্যরা।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা